

AKASHVANI(Kolkata)
Regional News Unit

Date: 12-12-2025

Time: 7-50 PM

DEO : KB

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

Desk in Charg :- S.D.G.

Compailing:- Shankar M.

NRT : Susmita Sen

বিশেষ বিশেষ খবর -

১/ SIR-এ এরাজ্যের প্রায় ৯৯ দশমিক ৯/৯ শতাংশ ভোটারের তথ্য, নির্বাচন কমিশনের কাছে পৌঁছে গেছে। #অসংগ্রহযোগ্য এনুমারেশন ফর্মের সংখ্যা ৫৮ লক্ষের কিছু বেশী। # ফর্ম জমা দেবার সময়সীমা পেরিয়ে যাবার পর নির্বাচন কমিশন আজ BLO অ্যাপে আরেকটি অপশন যোগ করেছে।

২/ ২০২৭-এর জনগণনায় জাতিভিত্তিক জনগণনাও অন্তর্ভুক্ত থাকবে বলে, কেন্দ্র জানিয়েছে। #এই প্রথম জনগণনা হবে ডিজিট্যালি।

৩/ কলকাতা হাইকোর্ট, ২০১৬ সালের ওয়েটিং লিস্টে নাম থাকা অথচ ২০২৫-এ বয়সসীমা পেরিয়ে যাওয়া কৃতকার্য প্রার্থীদের, স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষার ইন্টারভিউতে বসার সুযোগ দিতে নির্দেশ দিয়েছে।

৪/ বেশ কিছু সরকারি প্রকল্পের উদ্বোধন করতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আগামী বিশে ডিসেম্বর এরাজ্য আসছেন।

৫/ বিশ্ব ফুটবলের মহাতারকা লিওনেল মেসির আজ রাতে কলকাতা আগমণকে কেন্দ্র করে ফুটবল মহলে তুমুল উদ্দীপনা।

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী-SIR-এর এনিউমারেশন পর্বের শেষে ৫৮ লক্ষের বেশি ফর্ম অসংগ্রহযোগ্য বা আন-কালেক্টেবল হিসেবে চিহ্নিত করা হয়েছে।

এদিন দুপুর ১২টা পর্যন্ত রাজ্য জুড়ে ৫৮ লক্ষ ১৭ হাজার ৮৫১টি এনিউমারেশন ফর্ম অসংগ্রহযোগ্য হিসেবে চিহ্নিত হয়েছে। কমিশনের নির্দেশ অনুযায়ী এই সমস্ত ভোটারের নাম খসড়া ভোটার তালিকা থেকে প্রাথমিকভাবে বাদ যাবে।

নির্বাচন কমিশন জানিয়েছে, SIR পর্বে এখনো পর্যন্ত ৯২ দশমিক ৪/১ শতাংশ ভোটারের এনিউমারেশন ফর্ম ডিজিটাইজ হয়েছে।

তাদের দেওয়া পরিসংখ্যান অনুযায়ী, রাজ্যের মোট ৭ কোটি ৬৬ লক্ষ ৮৬ হাজার ৬৫৮ জন ভোটারের মধ্যে ৭ কোটি ৬ লক্ষ ৯৮ হাজার ৬৪৯ জনের ফর্ম ইতমধ্যেই ডিজিটাইজ করা হয়েছে। সব মিলিয়ে রাজ্যের প্রায় ৯৯.৯৯ শতাংশ ভোটারের তথ্য কমিশনের হাতে পৌঁছে গিয়েছে।

এই কর্মসূচিতে রাজ্যের বেশিরভাগ জেলাই ভালো অগ্রগতি দেখিয়েছে।

পূর্ব মেদিনীপুর, বাঁকুড়া, মুর্শিদাবাদ, নদিয়া, বীরভূম, দক্ষিণ দিনাজপুরের মতো জেলাগুলিতে ডিজিটাইজ ফর্মের হার ৯৩ থেকে ৯৬ শতাংশের মধ্যে। তবে উদ্বেগের বিষয় কলকাতা মহানগর। উত্তর কলকাতায় মাত্র ৭৪.০৭ শতাংশ এবং দক্ষিণ কলকাতায় ৭৬.১৭ শতাংশ ফর্ম ডিজিটাইজ হয়েছে। তুলনায়, জেলা শহর ও গ্রামাঞ্চল এই তালিকায় অনেকটাই এগিয়ে। হাওড়া, পশ্চিম বর্ধমান, কলকাতা ও তার আশপাশের শহরাঞ্চলে তুলনামূলকভাবে গতি কম। নির্বাচন কমিশনের অভ্যন্তরীণ সূত্রে জানা গিয়েছে, এই অঞ্চলগুলিতে ফর্ম সংগ্রহে নাগরিক অসহযোগিতা, পরিকাঠামোগত সমস্যা এবং প্রযুক্তিগত জটিলতার সম্মুখীন হতে হয়েছে।

রাজ্য SIR প্রক্রিয়ায় ২০০২ সালের ভোটার তালিকায় প্রজেনি-ম্যাপিং বা পিতামাতা বা সম্পর্কিত নামের ভিত্তিতে নতুন ভোটার চিহ্নিতকরণ এর ক্ষেত্রে বিপুল অসংগতি

ধরা পড়েছে। SIR-এর প্রথম পর্যায় শেষ হলেও জমা পড়া ফর্ম ক্রস চেক বা বারবার খতিয়ে দেখার কাজ চালিয়ে যাচ্ছে নির্বাচন কমিশন। সেই প্রক্রিয়ায় এই লজিক্যাল ডিসক্রিপেশি' বা যৌক্তিক অসঙ্গতির তথ্য মিলেছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সূত্রে জানা গিয়েছে।

SIR প্রক্রিয়ায় এনিউমারেশন ফর্ম জমা দেওয়ার সময় শেষ হয়ে যাওয়ার পর, নির্বাচন কমিশন আজ BLO অ্যাপে 'সিমিলার ফটো ইলেকটোর ভেরিফিকেশন' নামে একাদশ অপশন যোগ করেছে। একইরকমের ছবি থাকা ভোটারের তথ্য মিলিয়ে দেখার জন্য এই অপশন ব্যবহার করা যেতে পারে। যদিও নতুন অপশন যোগ করায় BLO-দের একাংশের মধ্যে ক্ষেত্র দেখা দিয়েছে।

কেন্দ্রীয় মন্ত্রিসভা, ২০২৭-এর জনগণনার জন্য ১১ হাজার ৭১৮ কোটি টাকার বাজেট বরাদ্দ অনুমোদন করেছে। নতুন দিল্লিতে আজ তথ্য সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো জানান, দুটি পর্বের এই জনগণনা হবে। ২০২৭-এর জনগণনা এযাবৎ ষোড়শ এবং স্বাধীনতার পর অষ্টমবার করা হচ্ছে। ভারতের জনগণনাকে বিশ্বের মধ্যে সর্ববৃহৎ প্রশাসনিক এবং পরিসংখ্যানগত কর্মকাণ্ড বলে বিবেচনা করা হয়। এই জনগণনায় জাতিভিত্তিক গণনাও অন্তর্ভুক্ত থাকবে।

শ্রী বৈষ্ণো বলেছেন, এই প্রথম জনগণনা, ডিজিট্যালি করা হবে। মোবাইলের মাধ্যমে আপলোড করা হবে সংগৃহীত তথ্য।

কলকাতা হাইকোর্ট, ২০১৬ সালের ওয়েটিং লিস্টে নাম থাকা যোগ্য প্রার্থীদের ২০২৫ সালের স্কুল সার্ভিস কমিশনের নতুন পরীক্ষার ইন্টারভিউতে বসার সুযোগ দিতে নির্দেশ দিয়েছে। বিচারপতি অমৃতা সিন্ধা আজ তাঁর নির্দেশে জানান, এই প্রার্থীদের ইন্টারভিউ নিয়ে ফলাফল মুখ্যবন্ধ খামে আদালতে জমা দিতে হবে। ইন্টারভিউ-এর ভিডিওগ্রাফি করা হবে কিনা, তা' নিয়ে সিদ্ধান্ত নেবে স্কুল সার্ভিস কমিশন।

উল্লেখ্য, সুপ্রিম কোর্ট ২৬ হাজার চাকরী বাতিল করে যোগ্য প্রার্থীদের পরীক্ষায় বসতে দেওয়ার নির্দেশ দিয়েছিল। লিখিত পরীক্ষার পর, নথি যাচাই-এর সময় বয়স বেশী বলে ইন্টারভিউ থেকে বাদ দেওয়া হয় একাধিক প্রার্থীকে। ২০১৬ সালেও এরা দুর্নীতির কারণে চাকরী থেকে বঞ্চিত হয়েছিলেন, তবে নাম ছিল ওয়েটিং লিস্ট। এরপরই তাঁরা হাইকোর্টের দ্বারা স্বীকৃত হন। বিচারপতি সিন্ধা, প্রত্যেকের ইন্টারভিউ নেওয়ার নির্দেশ দিয়েছেন।

ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কেন্দ্রীয় সরকারি চাকরির পরীক্ষায় অংশগ্রহণকারী বিশেষভাবে স্বক্ষম পরীক্ষার্থীদের নিজেদের পছন্দমত পরীক্ষাকেন্দ্রেই পরীক্ষা দেওয়ার ব্যবস্থা করবে। আসন সংখ্যা না থাকলেও প্রয়োজনে অতিরিক্ত আসনের ব্যবস্থাও করা হবে। যাতে একজনও বিশেষভাবে স্বক্ষম আবেদনকারী তাঁর পছন্দের কেন্দ্রে পরীক্ষা দেওয়ার সুযোগ থেকে বঞ্চিত না হন। UPSC-র চেয়ারম্যান ড. অজয় কুমার জানিয়েছেন, গত পাঁচ বছরের কেন্দ্র সংক্রান্ত তথ্য বিশ্লেষণ করে দেখা গেছে—দিল্লি, কটক, পাটনা, লখনউয়ের মতো কেন্দ্রে খুব দ্রুত আসন পূর্ণ হয়ে যায়। এই প্রেক্ষিতেই নতুন ব্যবস্থাটি চালু করা হয়েছে। এই সিদ্ধান্ত UPSC পরীক্ষায় বিশেষ ভাবে স্বক্ষম পরীক্ষার্থীদের অংশগ্রহণের সুযোগ আরও বাড়বে বলে তিনি আশা প্রকাশ করেন।

বেশ কিছু সরকারি প্রকল্পের উদ্বোধন করতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আগামী বিশে ডিসেম্বর এরাজ্য আসছেন।

নদীয়ায় সরকারি প্রকল্পের উদ্বোধন ছাড়াও তাহেরপুরে তিনি জনসভা করবেন বলে বিজেপি সূত্রে জানা গেছে।

আগামী বিধানসভা নির্বাচনের জন্য প্রধানমন্ত্রী এরাজ্যে বেশ কয়েকটি জনসভা করার কর্মসূচী রয়েছে।

সরকার জানিয়েছে, দেশে রেল দুর্ঘটনা ৯০ শতাংশ হ্রাস পেয়েছে। রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বলেন, ২০০৪ থেকে ১৪ সালে রেল দুর্ঘটনার সংখ্যা ছিল ১ হাজার ৭১। ২০২৪-২৫ এ তা কমে দাঁড়িয়েছে ৩১ এবং চলতি বছরে এই সংখ্যা এখনো পর্যন্ত ১১। রাজ্যসভায় এক লিখিত জবাবে শ্রী বৈষ্ণো বলেন, যাত্রীদের নিরাপত্তা ও স্বাচ্ছন্দ্য প্রদানই ভারতীয় রেলের সর্বোচ্চ অগ্রাধিকার। তিনি বলেন, কুয়াশা ঘন এলাকায় দুর্ঘটনা রুখতে GPS ভিত্তিক ‘ফগ সেফ্টি ডিভাইস’, লোকো পাইলটদের দেওয়া হচ্ছে। যাতে তারা সিগন্যাল এবং লেবেল ক্রসিং-এর দূরত্ব অনুমান করা যায়।

এদিকে, রাজ্যসভায় বিজেপি সাংসদ শমীক ভট্টাচার্যের প্রশ্নের জবাবে রেলমন্ত্রী বলেছেন, ‘অমৃত ভারত স্টেশন’ প্রকল্পের অধীনে পশ্চিমবঙ্গে সন্তোষজনক গতিতে কাজ এগোচ্ছে। এখনো পর্যন্ত আড়া, বরাভূম, হলদিয়া, জয়চন্দ্রী পাহাড়, কল্যাণি ঘোষপাড়া, কামাখ্যাগুড়ি, পানাগড়, সিউড়ি ও তমলুক স্টেশনের কাজ শুরু হয়েছে। আরো ৬'টি স্টেশনের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে।

নতুন শ্রম আইন চালু হওয়ার পর শ্রমিকদের অধিকার রক্ষায় ইস্টার্ন কোল্ড ফিল্ডস লিমিটেড ECL তাদের মোট ৪৫ হাজার ৪৫৩ জন কর্মচারীকে ৩০৭ কোটি টাকার বকেয়া বেতন ইতোমধ্যেই দিয়ে দিয়েছে।

আসানসোলের ডেপুটি চিফ লেবার কমিশনার কে সি সাহু জানিয়েছেন, গত ১০ তারিখ একটি বৈঠকে সমস্ত বকেয়া বেতন দুদিনের মধ্যে দিয়ে দেওয়ার সিদ্ধান্ত নেয়া হয়। কেন্দ্রীয় মুখ্য কমিশনার আঙ্গোষ এ টি পেডেনকার এ'বিষয়ে সম্পূর্ণভাবে তাদের সাহায্য করেছেন বলেও শ্রী শাহ জানিয়েছেন। ট্রেড ইউনিয়ন ধর্মঘট বা আন্দোলনের পরিবর্তে তাদের সঙ্গে আলোচনা করে সমস্যার সমাধান করায় এই কাজ করা সম্ভব হয়।

(বাইট- / ECL কে সি সাহু)

কলকাতায় আজ স্বদেশী জাগরণ মঞ্চের উদ্যোগে 'স্বদেশী দিবস' পালিত হয়। এই উপলক্ষ্যে, 'স্বদেশীঃ- সামগ্রিক উন্নয়নের মন্ত্র' শীর্ষক একটি বিশেষ আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজ্যাপাল সি ভি আনন্দ বোস।

এই অনুষ্ঠানের মাধ্যমে বিদেশী পণ্য বর্জন করে স্বদেশী পণ্য গ্রহণ করতে অর্থনৈতিক সচেতনতার বার্তা দেওয়া হয়েছে।

পার্ক সার্কাস ময়দানে দুমাস ধরে সার্কাস চলার অনুমতি পুরস্তা কেনো দিয়েছে, এই প্রশ্ন তুলে কলকাতা হাইকোর্টে একটি জনস্বার্থ মামলা করা হয়েছে। এর আগে দৃষ্টিগোলে যুক্তিতে কলকাতা বইমেলা, পার্ক সার্কাস ময়দানে করার পরিকল্পনা, আদালত খারিজ করে দেয়। কলকাতা হাইকোর্টের ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সুজয় পাল এবং বিচারপতি পার্থসারথি সেনের ডিভিশন বেঞ্চ, মামলাকারীদের হলফনামা পেশ করার নির্দেশ দিয়ে আগামী বুধবার এর শুনানি হবে বলে জানিয়েছেন।

আকাশবাণী কলকাতা, ১০ টি জেলার জন্য চুক্তির ভিত্তিতে আংশিক সময়ের সাংবাদিক নিয়োগ করবে। জেলাগুলি হল- বীরভূম, আলিপুরদুয়ার, পশ্চিম বর্ধমান, দার্জিলিং, দক্ষিণ দিনাজপুর, ঝাড়গ্রাম, কালিম্পং, হুগলী, পূর্ব মেদিনীপুর এবং কলকাতা।

এ সংক্রান্ত যাবতীয় তথ্য www.newsonair.gov.in -এ পাওয়া যাবে।
আবেদন জানানোর শেষ তারিখ, ১৫'ই ডিসেম্বর।

বিশ্ব ফুটবলের মহাতারকা- লিওনেল মেসি, আজ রাত্রে কলকাতা আসছেন।

মেসির আগমনকে কেন্দ্র করে ফুটবলপ্রেমীদের মধ্যে তুমুল উদ্বৃত্তি।

একটি প্রতিবেদন- (ভিসি- অরিজিত দত্ত)
